গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে আয়োজিত ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মোঃ জিয়াউদ্দীন, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয় সভা কক্ষ (ভবন#৩, কক্ষ# ৩৩২)
তারিখ ও সময় : ১০.০৩.২০২৪ খ্রিঃ, দুপুর: ২:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট- 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অংশীজন সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি জানান যে, স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে সুশাসন, জবাবদিহিতা নিশ্চিতের অন্যতম হাতিয়ার যথাঃ জাতীয় শুদ্ধাচার কৌশল, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্নেন্স ও ইনোভেশন, তথ্য অধিকার ইত্যাদি উপকরণগুলো সেবাবক্স হিসেবে ওয়েবসাইটে আপলোড করা বাধ্যতামূলক। সেবা বক্সগুলো নিয়মিত আপডেট করতে হবে। এছাড়া, দুর্নীতি প্রতিরোধে চলতি অর্থবছরে গৃহীত অন্যান্য সহায়ক কার্যক্রমগুলো অবহিত করতে আজকের সভার আয়োজন করা হয়েছে। এবিষয়ে মাঠ পর্যায়ের অফিসগুলোকেও সোচ্চার হতে হবে। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনের উপর গুরুত্বারোপ করেন। অতপরঃ তিনি সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪)-কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্টের অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) গত সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভার কার্যপত্রের আলোচ্য সূচী নিম্নরূপ :

ক) গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:
খ) গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যলোচনা:
গ) কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪-এ গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন এবং জবাবদিহিমূলক উপকরণসমূহ বাস্তবায়ন এবং চ্যালেঞ্জসমূহ আলোচনা
ঘ) গত সভার সিদ্ধন্তের আলোকে জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালের স্বাস্থ্য ব্যবস্থাপনার অগ্রগতি সংক্রান্ত আলোচনা
ঙ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
চ) বিবিধ

২.১. গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ: সভায় গত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২.২. গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহঃ

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে অধীদপ্তরসমূহের গৃহীত ব্যবস্থাদি:** স্বাস্থ্য অধিদপ্তর জানায়, কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির ২টি সভা ও অংশীজনের ২টি সভা এবং নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এছাড়ও ২টি ফিডব্যাক ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। কর্মপরিবেশ উন্নয়নের কাজও এগিয়ে চলছে। জেলা হাসপাতালগুলোর দূর্নীতি দূর করতে গৃহীত পদক্ষেপগুলো বাস্তবায়ন হচ্ছে। এছাড়া, জবাবদিহিতার উপরকরণগুলো সেবাবক্স হিসেবে ওয়েবসাইটে আপলোডর্পবক জনসচেতনতা তৈরি করতে মাঠ পর্যায়ে | ক) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রাগুলো যথাসময়ে অর্জন করতে হবে।<br>খ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের অন্তরায়গুলো চিহ্নিতকরণ এবং তা দূর করতে প্রয়োজনীয় পদক্ষপ গ্রহণ করতে হবে।<br>গ) মাঠ পর্যায়ে সেবা সহজিকরণের মাধ্যমে জনভোগান্তি লাঘব করতে হবে। | সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা |



C:\Users\User\Downloads\Letter (6).docx

| | | | |
|---|---|---|---|
| | যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বিভাগীয় পরিচালকদের নির্দেশনা দেওয়া হয়েছে।<br>ঔষধ প্রশাসন অধিদপ্তর জানায়, কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক নৈতিকতা কমিটির সভা, অংশীজন সভা ও প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। দুর্নীতি দূর করতে গৃহীত বিষয়গুলো মাঠ পর্যায়ে যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। জবাবদিহিতার উপরকরণগুলো ওয়েবসাইটে আপলোডপূর্বক প্রচার করা হচ্ছে।<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর জানায়, প্রমাপ মোতাবেক দ্বিতীয় কোয়ার্টারের সকল এবং তৃতীয় কোয়ার্টারের অধিকাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। নার্সদের পেশাগত উন্নয়নে ও দুর্নীতি দূর করতে গৃহীত পদক্ষেপগুলো বাস্তবায়ন কার্যক্রম এগিয়ে চলছে। নিয়মিত গণশুনানীর আয়োজন করা হচ্ছে। সেই সাথে জবাবদিহিতার উপকরণগুলোর প্রচার করা হচ্ছে।<br>স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, নিমিউ এন্ড টিসি ও টেমো তাদের কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম তুলে ধরেন।<br>সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ লক্ষ্যমাত্রাগুলো যথাসময়ে অর্জনে জোর দেন। তিনি কর্মপরিকল্পনা বাস্তবায়নের অন্তরায়গুলো চিহ্নিতকরণ এবং তা দূর করতে প্রয়োজনীয় পদোক্ষপ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি মাঠ পর্যায়ে সেবা সহজিকরণের মাধ্যমে জনভোগান্তি লাঘব করতেও পরামর্শ দেন। | | |
| ৪.২ | জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালের স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা সংক্রান্ত বিগত সভায় সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয়। জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালের পরিচালক জানান যে, হাসপাতালটিতে কর্মচারীদের সৃষ্ট নেতিবাচক বিষয়গুলো দূর করতে কর্মচারি, আনসার সদস্য এবং আউট সোর্সিং কর্মীদের সাথে আলাদা আলাদাভাবে সভা করা হয়েছে, হাসপাতাল কর্তৃপক্ষের তদারকি বৃদ্ধি করা হয়েছে এবং হাসপাতালে আকস্মিক রাউন্ড দেওয়া হচ্ছে। তিনি আরো বলেন, এ হাসপাতালের বিদ্যমান সিটিজেন চার্টারের পরিবর্তন করে কিছু নতুন তথ্যসহ বড় অক্ষরে লেখা সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে হয়েছে। সেবা মূল্যায়নের জন্য রোগীদের সন্তুষ্টি কার্ড চালুর বিষয়ে আশু ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতি মাসে একবার অভিযোগ বাক্স খোলা হচ্ছে এবং ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অভিযোগের বিষয়বস্তু, সমাধানসহ যাবতীয় বিষয় একটি রেজিস্টার খাতায় লিখে রাখা হয়। এছাড়া, অভিযোগ বাক্স ব্যতীত প্রাপ্ত সরাসরি অভিযোগসমূহ তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করা হচ্ছে। বর্তমানে এ হাসপাতালের ইউজার ফি আদায়, টিকেট কাউন্টারসহ বেশকিছু কার্যক্রম অটোমেশনের আওতায় আনা হয়েছে। এছাড়া ইউজার ফি আদায়ের জন্য দুইটি নতুন বুথ তৈরি ও চালু করা হয়েছে। প্রশাসন শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারিদের কর্মবন্টন করা হয়েছে।<br>সভাপতি জাতীয় ক্যান্সার হাসপাতালের অটোমেশন শতভাগ বাস্তবায়নের মাধ্যমে সেবার মান উন্নয়ন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা আরো বৃদ্ধির দিকে নজর দিতে বলেন। তিনি রোগীর পরিবর্তে বিশেষজ্ঞ চিকিৎসকদের শিফটিং করার মাধ্যমে সুচিকিৎসা নিশ্চিত করতে পরামর্শ দেন। | ক) জাতীয় ক্যান্সার হাসপাতালের অটোমেশন শতভাগ বাস্তবায়নের মাধ্যমে সেবার মান বৃদ্ধি করতে হবে।<br><br>খ) হাসপাতালগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির দিকে বিশেষ নজর দিতে হবে।<br><br>গ) রোগীর পরিবর্তে বিশেষজ্ঞ চিকিৎসকদের শিফটিং করার মাধ্যমে সুচিকিৎসা নিশ্চিত করতে হবে।<br><br>ঘ) হাসপাতালগুলোকে স্মার্ট করে গড়ে তুলতে সচেষ্ট হতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, ও জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল |

| | | | |
|---|---|---|---|
| | হাসপাতালগুলোকে স্মার্ট করে গড়ে তুলতে তিনি সবাইকে সচেষ্ট হতে বলেন। | | |
| ৪.৩ | **সিটিজেন চার্টার :** সভায় সিটিজেন চার্টার প্রচার ও বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, সিটিজেন চার্টার মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্ত জনগণকে অবহিত করণের জন্য বিভাগীয় পরিচালকদের নিয়ে অংশীজনের সভা করা হয়েছে। সভাপতি জানান যে, সিটিজেন চার্টার সম্পর্কে বেশির ভাগ জনগণের স্বচ্ছ ধারণা না থাকায় সেবার মান ব্যহত হয়। মাঠ পর্যায়ে সিটিজেন চার্টারের বিষয়ে তেমন প্রচার-প্রচারণা নেই। তিনি সিটিজেন চার্টার সম্পর্কে জনসচেনতা তৈরির প্রতি জোর দিয়ে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে মাঠ পর্যায়ে সিটিজেন চার্টার নিয়ে কাজ করতে বলেন। তিনি জানান সিটিজেন চার্টার মোতাবেক সেবা দিতে ব্যর্থ হলে বিভাগীয় ব্যবস্থা নিতে হবে। এছাড়া, তিনি অধিদপ্তরগুলোকে সিটিজেন চার্টার সংক্রান্ত সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে বলেন। | ক) জনগণের মধ্যে সিটিজেন চার্টার সম্পর্কে সচেতনতা তৈরি করতে হবে।<br>খ) সিটিজেন চার্টার মোতাবেক সেবা দিতে ব্যর্থ হলে বিভাগীয় ব্যবস্থা নিতে হবে।<br>গ) অধিদপ্তরগুলো সিটিজেন চার্টার সংক্রান্ত সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.৪ | **তথ্য অধিকার :** সভায় তথ্য অধিকার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সকল অধিদপ্তর/দপ্তরকে অংশীজন সভার মাধ্যমে স্টেকহোল্ডারদের তথ্য অধিকার আইন সম্পর্কে ধারণার প্রদান করতে বলেন। তথ্য অধিকার আইনের মাধ্যমে কিভাবে সরকারি প্রতিষ্ঠান থেকে জনগণ সেবা পেতে পারে তা জনগণকে অবগত করতে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করার জন্যও তিনি অনুরোধ জানান। | ক) সকল অধিদপ্তর/দপ্তর তাদের অংশীজন সভায় স্টেকহোল্ডারদের তথ্য অধিকার আইন সম্পর্কে ধারণা প্রদান করবে।<br>খ) তথ্য অধিকার আইন অবগত করতে মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.৫ | **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা :** সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান যে, অভিযোগ ও প্রতিকার ব্যবস্থাপনা কার্যকর হলে দূর্নীতি অনেকাংশে কমে যাবে। সেজন্য তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সম্পর্কে অধিদপ্তর থেকে মাঠ পর্যায়ের জনগণকে অবগত করার জন্য সভা আয়োজনের নির্দেশনা দেন। | বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়নে নজর দিতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.৬ | **ই-গভর্নেন্স ও ইনোভেশন :** সভায় ই-গভর্নেন্স ও ইনোভেশন বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, সেবাখাতে স্বাস্থ্যসেবা বিভাগের অনেক ইনোভেশন রয়েছে। কিন্তু না জানার কারণে জনপ্রশাসন পদক হতে বঞ্চিত হতে হচ্ছে। কাজেই অধিদপ্তর/দপ্তরসমূহকে মাঠ পর্যায়ের অফিসগুলোতে ইনোভেশন চর্চা ছড়িয়ে দিতে হবে। নতুন নতুন উদ্ভাবন দ্বারা স্বাস্থ্যসেবাকে সহজিকরণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌছে দিতে সচেষ্ট হতে হবে। | ক) অধিদপ্তর/দপ্তরসমূহকে মাঠ পর্যায়ের অফিসগুলোতে ইনোভেশন চর্চা ছড়িয়ে দিতে হবে।<br>খ) নতুন নতুন উদ্ভাবন দ্বারা স্বাস্থ্যসেবাকে সহজিকরণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌছে দিতে সচেষ্ট হতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রাগুলো সময়মত অর্জনের বিষয়ে আলোচনা হয়। সভাপতি জানান যে, জবাবদিহিমূলক উপকরণগুলোর কর্মপরিকল্পনা এপিএর সাথে সংযুক্ত করা হয়েছে। জবাবদিহি উপকরণসমূহের কর্মপরিকল্পনার নম্বরের একটি অংশ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যোগ হয়। কাজেই কর্মপরিকল্পনাগুলো শতভাগ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে নচেৎ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পারফরমেন্সে প্রভাব পড়বে। | ক) জবাবদিহিমূলক উপকরণসমূহের কর্মপরিকল্পনাগুলো শতভাগ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.৮ | **গণশুনানী :** অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ কর্মপরিকল্পনা মোতাবেক গণশুনানী করছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি প্রতি মাসের যে কোন বুধবার গণশুনানী | ক) অধিদপ্তর/দপ্তরসমূহকে প্রতি মাসের যে কোন বুধবার গণশুনানীর আয়োজন করতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | আয়োজনের করতে বলেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহের গণশুনানী আয়োজনের প্রমাণক হিসেবে তথ্য ও ছবি প্রশাসন-৪ শাখায় প্রেরণ এবং প্রাপ্ত সমস্যাগুলো নিয়ে অংশীজন সভায় আলোচনা করার পরামর্শ দেন।তিনি বলেন, গণশুনানীতে মেডিকেল কলেজ, মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল এসোসিয়েশন ইত্যাদি সংগঠনকে অংশগ্রহণের জন্য আহবান করা যেতে পারে। | খ) অধিদপ্তর/দপ্তরসমূহ গণশুনানী আয়োজনের প্রমাণক হিসেবে তথ্য ও ছবি প্রশাসন-৪ শাখায় প্রেরণ করবে।<br>গ) গণশুনানী হতে প্রাপ্ত সমস্যাগুলো নিয়ে অংশীজন সভায় আলোচনা করতে হবে।<br>ঘ) গণশুনানীতে মেডিকেল কলেজ, মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল এসোসিয়েশন ইত্যাদি সংগঠনকে অংশগ্রহণের জন্য আহবান করা যেতে পারে। | |
| ৪.৯ | **জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজী ইনস্টিটিউট হাসপাতালের কার্যক্রমকে স্মার্ট করতে অটোমেশন চালুকরণ:** পরিচালক সভাকে অবহিত করেন যে, হাসপাতালটি প্রায় শতভাগ অটোমেশন বাস্তবায়িত হচ্ছে। সম্প্রতি বিভিন্ন ল্যাব পরীক্ষার রিপোর্ট অনলাইনে সরবরাহ করার কার্যক্রম চলছে। সিনিয়র সিটিজেনদের আলাদাভাবে সেবা দেওয়া হবে। প্রেসক্রিপশন অনলাইনে তৈরি হবে। হাপাতালটিতে মাত্র ২২৪০ টাকায় প্যাকেজ ডায়ালাইসিস করা হয়। প্যাকেজ ডায়ালাইসিসে রোগীর প্রচুর চাপ রয়েছে। এক্ষেত্রে আরো বরাদ্দ পেলে বেশি মানুষকে সেবাটি দেওয়া যাবে। সভাপতি বিধি মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগে বরাদ্দ চাইতে বলেন এবং সেবাটিকে হাইলাইট করতে বলেন। | ক) হাপাতালটিতে মাত্র ২২৪০ টাকায় প্যাকেজ ডায়ালাইসিস করার সেবাটিকে হাইলাইট করতে হবে।<br>খ) সেবাটির জন্য বিধি মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগে বরাদ্দ চাইতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজী ইনস্টিটিউট হাসপাতাল |
| ৪.১০ | **২৫০ শয্যা বিশিষ্ট নাটোর জেলা হাসপাতালে স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যার চালুকরণ:**<br>আবাসিক মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট নাটোর জেলা হাসপাতাল জানান যে, স্টক ম্যানেজমেন্ট সফট্‌ওয়্যার প্রতিস্থাপনের কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এখন পাইলটিং চলছে। সভাপতি প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে বলেন। | ক) ২৫০ শয্যা বিশিষ্ট নাটোর জেলা হাসপাতালে স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফট্‌ওয়্যার নির্ধারিত সময়ের মধ্যে চালুকরণ ও বাস্তবায়ন করতে হবে । | স্বাস্থ্য সেবা বিভাগ ও এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও নাটোর জেলা হাসপাতাল |
| ৪.১১ | **২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল কুষ্টিয়ার ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যার চালুকরণঃ** তত্ত্বাবধায়ক জানান যে, ইতোমধ্যে এমআইএস স্বাস্থ্য অধিদপ্তর হতে ৪টি কম্পিউটার পাওয়া গিয়েছে। সফট্‌ওয়্যার প্রতিস্থাপনের মাধ্যমে দ্রুত কার্যক্রম শুরু হবে। সভাপতি দ্রুত ঔষধ বিতরণ সফট্‌ওয়্যার প্রতিস্থাপনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম চালু করতে বলেন। | ক) ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল কুষ্টিয়ার ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফট্‌ওয়্যার নির্ধারিত সময়ের মধ্যে চালুকরণ ও বাস্তবায়ন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ ও এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও কুষ্টিয়া জেলা হাসপাতাল |
| ৪.১২ | নৈতিকতা বিষয়ক সভা : সকল অধিদপ্তর/দপ্তর তাদের চলতি কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা করেছে মর্মে জানান। সভাপতি সকল অধিদপ্তর/দপ্তরের সভার কার্যবিবরণী, ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) প্রতিবেদন ০৮ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে এনআইএস সিস্টেম সফট্‌ওয়্যারে আপলোড এবং হার্ডকপি প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে বলেন। | সকল অধিদপ্তর/দপ্তরের সভার কার্যবিবরণী, ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) প্রতিবেদন ০৮ এপ্রিল ২০২৪ তারিখের এনআইএস সিস্টেম সফট্‌ওয়্যারে আপলোড এবং হার্ডকপি প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে। | সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা |
| ৪.১৩ | প্রশিক্ষণ : সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়ে যথাযথভাগে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী মে ২০২৪ মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে সকল অধিদপ্তর/দপ্তরকে অনুরোধ করেন। তিনি জানান, জুন মাসে কোন প্রশিক্ষণ করা যাবেনা। প্রশাসন-৪ | ক) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে লক্ষমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br>খ) প্রশাসন-৪ শাখা সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা ও প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | কে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি মনিটরিং করতেও তিনি নির্দেশনা দেন। | আয়োজনের বিষয়টি মনিটরিং করবে। | |
| ৪.১৪ | **বিবিধ:** সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) জানান যে, অধিদপ্তর/দপ্তরসমূহের অংশীজন সভার কার্যাবলীতে মন্ত্রিপরিষদ নির্দেশিত কাঙ্খিত লক্ষ্য প্রতিফলিত হচ্ছে। সেজন্য তিনি অধিদপ্তর/দপ্তর নিজস্ব অংশীজন সভায় স্বাস্থ্য সেবা বিভাগকে অন্তর্ভুক্ত করতে অনুরোধ জানান।<br><br>সভাপতি অধিদপ্তর/দপ্তরকে নিজস্ব অংশীজন সভায় স্বাস্থ্য সেবা বিভাগকে অন্তর্ভুক্ত করতে বলেন। | ক) অধিদপ্তর/দপ্তরকে নিজস্ব অংশীজন সভায় স্বাস্থ্য সেবা বিভাগকে অন্তর্ভুক্ত করতে হবে। | সকল অধিদপ্তর/ দপ্তর |

৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯.০৪.২০২৪
(ড. মোঃ জিয়াউদ্দীন)
যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৮.২০- ৯১৮

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ / ০৯ এপ্রিল ২০২৪

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। মহাপরিচালক (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। পরিচালক, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
৭। পরিচালক, জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজি ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা
৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল, নাটোর
৯। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল, কুষ্টিয়া
১০। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১১। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১২। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
১৩। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১৫। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসেনসিয়াল ড্রাগ কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা
১৬। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৭। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, আনসারী ভবন, তোপখানা রোড, ঢাকা
৫। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা

৬। ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগ কোম্পানী লিমিটেড, তেজগাঁও, ঢাকা
৭। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়